



FENI UNIVERSITY

Trunk Road, Feni-3900, Bangladesh.
Mobile: 01865-041804, 01886-341821, 0331-62194, 69132-33
www.feniuniversity.ac.bd

স্মারক নং: FU/GA/2013/01/Part-V/7363

তারিখ: ১৪ অক্টোবর ২০২৬


প্রেস নোটিশ

ফেনী ইউনিভার্সিটির সংশ্লিষ্ট সকলের অবগতির জন্যে জানানো যাচ্ছে যে, ফেনী ইউনিভার্সিটি প্রতিষ্ঠালগ্ন থেকে সার্বিক উন্নয়ন, একাডেমিক উৎকর্ষ ও প্রাতিষ্ঠানিক অগ্রগতি নিশ্চিত করতে ইউনিভার্সিটির বোর্ড অব ট্রাস্টিজ সর্বদা গুরুত্বপূর্ণ ও গঠনমূলক ভূমিকা পালন করে আসছে।

এই লক্ষ্যে বিশেষ করে গত কিছু দিন আগে উদ্ভূত অনাকাঙ্ক্ষিত ঘটনা নিরসনে বোর্ড অফ ট্রাস্টিজ গত ১২ অক্টোবর, ২০২৬ জরুরি সভায় বসে গুরুত্বপূর্ণ বিষয় সিদ্ধান্ত গ্রহণ করেছেন। তন্মধ্যে, নতুন কার্যনির্বাহী কমিটি গঠন- যথাক্রমেঃ জনাব মোহাম্মদ নুরন নেওয়াজ সেলিমকে সভাপতি, ড. এ. কে. এম. সাহিদ রেজাকে সিনিয়র সহ-সভাপতি ও জনাব আব্দুস সাত্তার সাহেবকে বিশেষ পরামর্শকের দায়িত্ব দেওয়া হয়েছে এবং জনাব আবদুর রইছ কাইজার সহ-সভাপতি, ডাঃ এ. এস. এম. তবারক উল্যাহ চৌধুরী (বায়েজিদ) এবং জনাব মোঃ এনায়েত উল্লাহ পূর্ব নির্ধারিত দায়িত্বে রয়েছেন।

এছাড়া, দুইজন প্রশাসনিক কর্মকর্তার বিরুদ্ধে ছাত্র-ছাত্রীদের অভিযোগ তদন্ত করার জন্য একটি নিরপেক্ষ কমিটি গঠনের সিদ্ধান্ত হয়েছে এবং আইনানুগ প্রক্রিয়ার মাধ্যমে যথাযথ সমাধান নিশ্চিত করা হবে। জনাব সুদীপ দাস এবং অন্য চার শিক্ষকের বিষয়ে ইতিপূর্বে গঠিত কমিটির রিপোর্ট নিয়ে আগামী বিওটি সভায় সিদ্ধান্ত হবে। আগামী পনেরো দিনের মধ্যে ভাইস চ্যান্সেলর পদের জন্য সাক্ষাৎকার নেওয়া হবে।

এমতাবস্থায়, বিশ্ববিদ্যালয়ের সার্বিক স্বার্থে সকল শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে পারস্পরিক শ্রদ্ধাবোধ, সহযোগিতা ও দায়িত্বশীলতার মাধ্যমে একটি আদর্শ, শান্তিপূর্ণ, সৌহার্দ্যপূর্ণ ও শিক্ষাবান্ধব পরিবেশ বজায় রাখার জন্য আহ্বান জানানো হচ্ছে।


ড. মাসুদুল হক চৌধুরী
ভাইস চ্যান্সেলর (ভারপ্রাপ্ত)
ফেনী ইউনিভার্সিটি